# ঈদের ছুটি শেষে রোববার খুলছে শাবিপ্রবি

শাবিপ্রবি প্রতিনিধি

২৭ এপ্রিল ২০২৩ ০২:০৭ পিএম | আপডেট: ২৭ এপ্রিল ২০২৩ ০২:০৭ পিএম

4
Shares




শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

advertisement

পবিত্র ঈদুল ফিতরের ২১ দিন ছুটি শেষে আগামী রোববার খুলছে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) একাডেমিক ও দাপ্তরিক কার্যক্রম।

আজ বৃহস্পতিবার দুপুরে বিষয়টি নিশ্চিত করেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মো. ফজলুর রহমান।

advertisement

তিনি আমাদের সময়কে বলেন, আজ পবিত্র ঈদুল ফিতরের ছুটি শেষ হচ্ছে। তবে ২৮ ও ২৯ এপ্রিল সাপ্তাহিক ছুটির দিন হওয়ায় আগামী রোববার থেকে যথারীতিতে একাডেমিক ও দাপ্তরিক কার্যক্রম শুরু হবে।

এর আগে, গত ১০ এপ্রিল থেকে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম এবং ১২ এপ্রিল থেকে দাপ্তরিক কার্যক্রম বন্ধ ঘোষণা করা হয়। এতে টানা ২১ দিন বন্ধ ছিল ক্যাম্পাস।